# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 28 June, 2025

সামাজিক যোগাযোগমাধ্যমে রক্তমাখা ছুরি দেখিয়ে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা, প্রধান বিচারপতি ও সেনাপ্রধানকে হত্যার হুমকি দেওয়ার অভিযোগে মো. আলমগীর নামের আওয়ামী লীগের এক কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ।

শুক্রবার (২৭ জুন) রাতে চট্টগ্রামের ফটিকছড়ি সদর এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। ফটিকছড়ি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নুর আহমেদ শনিবার বিষয়টি নিশ্চিত করেছেন।

একটি ভাইরাল ভিডিওতে দেখা যায়, আলমগীর রক্তমাখা ছুরি হাতে নিয়ে রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের হত্যার হুমকি দিচ্ছেন এবং অশ্লীল ভাষায় গালাগাল করছেন। ভিডিওটি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ার পর তা নিয়ে তীব্র সমালোচনা শুরু হয়।

পুলিশ জানায়, গ্রেপ্তারের পর আলমগীরকে ফটিকছড়ি থানায় হওয়া একটি বিস্ফোরক মামলায় আদালতে পাঠানো হয়েছে। তার বিরুদ্ধে আরও আইনি পদক্ষেপ নেওয়ার প্রস্তুতি চলছে।

হত্যার হুমকি প্রধান উপদেষ্টা আওয়ামী লীগ মো. আলমগীর চট্টগ্রাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:52

URL: https://www.timestodaybd.com/national/4087283855